

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক বাস্তবায়িত “পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (বারি অঙ্গ)” শীর্ষক প্রকল্প এর নিম্নবর্ণিত পদ প্রকল্প বাস্তবায়ন সময়সীমা তথা ৩০-০৬-২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে:-

(১) হিসাব রক্ষক/ক্যাশিয়ার

পদ সংখ্যা: ১ (এক)

সাক্ষ্য বেতন: ৮৫৫০/-

বয়সসীমা: সর্বোচ্চ ৩০(ত্রিশ) বৎসর

শিক্ষাগত যোগ্যতা: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অন্যান্য দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী। তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন।

২। ইচ্ছুক প্রার্থীদের সাদা কাগজে (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) বৈবাহিক অবস্থা (ঙ) জন্ম তারিখ (চ) ৩১-১০-২০১৫ খ্রিঃ তারিখে বয়স (ছ) স্থায়ী ঠিকানা (জ) বর্তমান ঠিকানা (ঝ) জাতীয়তা (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা (ঠ) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর নম্বর এবং তারিখ উল্লেখ করিয়া আবেদন করিতে হইবে।

৩। আবেদনপত্রের সহিত বিভিন্ন সার্টিফিকেট/টেস্টিমোনিয়াল, অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত কপি এবং প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদপত্র, সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ৪ (চার) কপি ছবি এবং নিজ এলাকার ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যানের নিকট হইতে স্থায়ী নিবাস সনদপত্র জমা দিতে হইবে। সাক্ষাৎকারের সময় মূল সনদপত্র পেশ করিতে হইবে। সরকারী নিয়োগ বিধি অনুসারে মেধা কোটা, জেলা কোটা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র কন্যার পুত্র-কন্যা) কোটা, মহিলা কোটা, উপজাতীয় কোটা, আনসার ও গ্রাম প্রতিরক্ষা দলের সদস্য কোটা, সরকারী/বেসরকারী এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী কোটা সংরক্ষণ করা হইবে। এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী/আনসার ও গ্রাম প্রতিরক্ষা দলের সদস্য এবং উপজাতি কোটার প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্রসহ আবেদনপত্র দাখিল করিতে হইবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার অনুকূলে মুক্তিযোদ্ধা সার্টিফিকেট, যাহা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত এর সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।

৪। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরী প্রার্থীকে আবেদনপত্রের সহিত তাহাদের পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট, যাহা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত এর সত্যায়িত কপি দাখিল করিতে হইবে। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হইলে আবেদনকারী যে, মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। পরবর্তীতে এতদসংক্রান্ত সনদপত্র দাখিল করা হইলে তা গ্রহণযোগ্য হইবে না।

৫। সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে। প্রকল্পে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। **প্রতিবন্ধী এবং মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বৎসর।**

৬। আবেদনপত্রের সহিত মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর এর অনুকূলে সোনালী ব্যাংক লিঃ, বিএআরআই শাখা, জয়দেবপুর, গাজীপুর বরাবর সোনালী ব্যাংক এর যে কোন শাখা হইতে বর্ণিত পদের জন্য ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযোজন করিতে হইবে। প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ের পর যথাযথ নিয়োগের জন্য উপযুক্ত বিবেচিত হইবেন শুধুমাত্র তাহাদিগকেই লিখিত/সাক্ষাতকার/মৌখিক পরীক্ষার জন্য ডাকা হইবে। পদের সংখ্যা নির্ধারণ (হ্রাস/বৃদ্ধিকরণ) এবং নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৭। আবেদনপত্র মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর বরাবর আপামী ২০-১২-২০১৫ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে অথবা সরাসরি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌছাইতে হইবে। অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে এবং নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।

৮। খামের উপর আবেদনকৃত পত্রের নাম অবশ্যই উল্লেখ করিতে হইবে।

উপ-পরিচালক (প্রশাসন)

মহাপরিচালকের পক্ষে

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর।